

সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট অস্থি মজ্জা প্রতিস্থাপনে বিশেষ কৃতিত্ব অর্জন করেছে



কলকাতা, ১৭ নভেম্বর: সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট, যেটি ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতাল নামে পরিচিত।

সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের অস্থি মজ্জা প্রতিস্থাপন বিভাগটি ২০১৩ সালে শুরু হয় এবং বর্তমানে ৭৫টি রোগীর দেহে অস্থিমজ্জা প্রতিস্থাপন করে একটি বিশেষ স্থান অধিকার করেছে। কোভিড-১৯ মহামারীর দ্বিতীয় ঢেউ চলাকালীন ৩ মাসের মধ্যে ১১ জন রোগীর দেহে অস্থিমজ্জা প্রতিস্থাপন করে বিভাগটি উদাহরণ তৈরী করেছে।

যে সমস্ত রোগী হজকিস লিম্ফোমা, মাইলোমা বা নন হজকিস লিম্ফোমার মত ক্যান্সার আক্রান্ত এবং উচ্চমাত্রার যাদের কেমোথেরাপি চিকিৎসা নিতে হয়

তাদের ক্ষেত্রে এই অস্থিমজ্জা প্রতিস্থাপন করা হয়।

সরোজ গুপ্ত ক্যান্সার হাসপাতাল একটি অলাভজনক ক্যান্সার চিকিৎসা কেন্দ্র, যেখানে অস্থি মজ্জা প্রতিস্থাপন অত্যন্ত ন্যায্য মূল্যে করা হয় এবং যা অন্যান্য সংস্থার তুলনায় অনেক কম।

অস্থি মজ্জা প্রতিস্থাপন বিভাগের (BMI) অধিকর্তা ডাঃ পার্থপ্রতিম গুপ্তের মতে, 'অস্থিমজ্জা প্রতিস্থাপন এখন একটি বিশ্বব্যাপী চিকিৎসা মাধ্যম যার দ্বারা বিভিন্ন ম্যালিগন্যান্ট এবং

নন-ম্যালিগন্যান্ট হেমাটোলজিক অবস্থার এবং রোগের চিকিৎসার জন্য ব্যবহৃত হয়। (BMI) দুই প্রকার (১) অটোলোগাস BMI যেখানে রোগীর নিজস্ব স্টেম সেল অস্থি মজ্জার কার্যকারিতা পুনরুদ্ধার করার জন্য সংযোজিত হয়। (২) অ্যালোজেনিক BMI

যেখানে স্টেম সেল এইচ.এল. এ সন্দূহ সৃষ্টি দাতার কাছ থেকে পাওয়া যায় এবং তা রোগীর দেহে সংযোজিত হয়। একজন ডাক্তার হিসাবে আমার সবচেয়ে বড় ভূমিকা হয় যদি প্রক্রিয়া শেষে রোগী বাড়ি ফিরে গিয়ে সাধারণ জীবনযাপন করে সরোজগুপ্ত ক্যান্সার হাসপাতালের মত একটি অলাভজনক প্রতিষ্ঠানে ৭৫ নং অস্থি মজ্জা প্রতিস্থাপন একটি দুর্দান্ত ঘটনা।

মঙ্গলবার কলকাতায় সাংবাদিক সম্মেলনে সম্বোধন করে, সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের সম্পাদক শ্রী অঞ্জন গুপ্ত বলেন, 'আমাদের হাসপাতাল পূর্ব ভারতের প্রথম কয়েকটি ক্যান্সার কেন্দ্রের মধ্যে একটি যা প্রতিবেশী রাজ্য এবং দেশগুলিকে অস্থিমজ্জা প্রতিস্থাপনের সুবিধা প্রদান করে।

হাসপাতালে পরিচালক মণ্ডলীর তরফ থেকে আমি সকল দাতা যারা স্বইচ্ছায় এবং নিজে প্রচার বিমুখ থেকে এই বিভাগ স্থাপনে আমাদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন তাঁদের আন্তরিক ধন্যবাদ, শ্রদ্ধা ও প্রণাম জানাই। আমরা শ্রদ্ধা জানাই গুজরাট ক্যান্সার রিসার্চ ইনস্টিটিউট এবং ইন্ডো আমেরিকান ক্যান্সার অ্যাসোসিয়েশনকে যারা আমাদের ডাক্তারদের প্রতিস্থাপন সংক্রান্ত প্রশিক্ষণ দিয়েছেন এবং বিভাগটি সঠিক ভাবে পরিচালনায় সর্বপ্রকার সাহায্য করেন। আমাদের প্রতিষ্ঠানে বর্তমানে সর্বপ্রকার সুবিধা সম্পন্ন চারটি ডিলাক্স স্যুট (কেবিন) রয়েছে যেগুলি এই সমস্ত রোগীদের প্রয়োজন মত সব রকমের সংক্রমণ মুক্ত তৈরী করা হয়েছে। ২০২১ সালে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অভিনেতা। শ্রী সৌমিত্র চট্টোপাধ্যায় এই বিভাগটির দ্বারোন্মোচন করেন। বর্তমান সময় পর্যন্ত আমরা ৭৫টি রোগীর সফল অটোলোগাস অস্থিমজ্জা প্রতিস্থাপন করেছি, ভবিষ্যতে অ্যালোজেনিক প্রতিস্থাপনের পরিকল্পনা রয়েছে। সরোজগুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের অধিকর্তা ডাঃ অর্ণব গুপ্ত বলেন, 'আমার সবচেয়ে আত্মতৃপ্তির বিষয় যে এই ৭৫টি রোগীই রোগমুক্ত হয়েছেন, যারা প্রথম অবস্থায় কেমোথেরাপি চিকিৎসার সফল লাভ করেন নি। আমাদের প্রতিষ্ঠান সর্বদা আমাদের প্রতিষ্ঠাতা ডাঃ সরোজ গুপ্তের মতাদর্শন অনুসরণে রোগীদের সামর্থ্য অনুযায়ী সমস্যাগুলি সহানুভূতির সাথে সমাধান করা হয়।